অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে পরিচ্ছন্ন বিদ্যুৎ আনার জন্য চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসের 339 মাইল ট্রান্সমিশন লাইনের নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

মুখ্য প্রকল্পের শ্রম চুক্তি সম্পাদিত নিউ ইয়র্ক স্টেটের ভবন ও নির্মাণ বাণিজ্যের সাথে নিশ্চিত করার জন্য যাতে লাইনটি ইউনিয়ন কর্মীদের দ্বারা নির্মিত হয়

অবকাঠামো বিকাশ নিউ ইয়র্কবাসীদের জন্য 3.5 বিলিয়ন মার্কিন ডলার আনবে এবং প্রায় 1,400 পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে

নিউ ইয়র্কের নিঃসরণমুক্ত গ্রিন অর্জনের পথে 2030 সালের মধ্যে স্টেটব্যাপী 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার লক্ষ্যে পৌঁছানোর অগ্রগতিকে ত্বরান্বিত করে

গভর্নর ক্যাথি হোকল আজকে চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসের (Champlain Hudson Power Express, CHPE) 339 মাইল ট্রান্সমিশন লাইনের নির্মাণকাজ শুরু উদযাপন করলেন যা নির্মাণ করছে ট্রান্সমিশন ডেভেলপার্স ইনকর্পোরেটেড (Transmission Developers Inc), কানাডার হাইড্রো-কুইবেক (Hydro-Québec) থেকে সরাসরি নিউ ইয়র্ক সিটিতে নির্ভরযোগ্য পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করার জন্য। এই সবুজ অবকাঠামো প্রকল্পের নির্মাণ, যা নির্মাতা ও নিউ ইয়র্ক স্টেটের ভবন ও নির্মাণ বাণিজ্যের (New York State Building and Construction Trades) মধ্যে একটি মুখ্য ইউনিয়ন শ্রম চুক্তি সম্পাদনের মাধ্যমে শুরু হয়েছে, তা নিউ ইয়র্কবাসীদের জন্য 3.5 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক লাভ নিয়ে আসবে এবং সেই সাথে নির্মাণকাজ চলাকালে প্রায় 1,400 পরিবার টিকিয়ে রাখার মতো ইউনিয়ন চাকরি সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। আজকের ঘোষণা নিউ ইয়র্কের নিঃসরণমুক্ত গ্রিন অর্জনের পথে 2030 সালের মধ্যে স্টেটব্যাপী 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যে পৌঁছানোর অগ্রগতিকে ত্বরান্বিত করে।

"নিউ ইয়র্ক সিটিতে পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করতে সাহায্য করার জন্য এই নির্মাণকাজ শুরু হওয়ার মাধ্যমে আমাদের স্টেট আরেকটি উদাহরণ স্থাপন করছে যে জলবায়ু পদক্ষেপ কেমন হওয়া উচিত," **গভর্নর হোকল বলেন।** "চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ট্রান্সমিশন লাইনটি আমাদের পরিবেশ রক্ষার জন্য এবং আপস্টেট ও ডাউনস্টেট নিউ ইয়র্ক উভয় স্থানে পরিবার টিকিয়ে রাখার মতো সবুজ চাকরি সৃষ্টি করার জন্য একটি বিরাট ধাপ। ইউনিয়ন

শ্রমিকদের সাথে অংশীদারিত্বে, সবুজ অবকাঠামো প্রকল্পটি আমাদের স্টেটে কয়েক বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক লাভ আনবে এবং পরিচ্ছন্নতর বায়ু ও সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো স্বাস্থ্যকর ভবিষ্যতের পথ তৈরি করবে।"

মার্কিন শক্তি সচিব জেনিফার এম. গ্র্যানহোম বলেন, "চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস হলো নিউ ইয়র্ক এবং আমেরিকায় অবকাঠামো তৈরিতে রাষ্ট্রপতি বাইডেন ও গভর্নর হোকল যে প্রতিশ্রুতিবদ্ধ তার একটি শক্তিশালী উদাহরণ। এই প্রকল্পটি পরিচ্ছন্ন, সাশ্রয়ী, এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করবে এবং সেই সাতে ভালো, বেতনের ইউনিয়ন চাকরি সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।"

চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস দুইটি ঐতিহাসিক প্রকল্পের প্রথমটি যার নির্মাণকাজ স্টেটের এধরনের প্রথম নবায়নযোগ্য শক্তি ও ট্রান্সমিশন কর্মসূচির অধীনে শুরু হচ্ছে, যা টিয়ার 4 (Tier 4) নামে পরিচিত, এবং যা পরিচালনা করছে নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA)। কর্মসূচিটির উদ্দেশ্য হলো দায়িত্বশীলভাবে নিউ ইয়র্ক সিটির নবায়নযোগ্য শক্তির পরিমাণ বৃদ্ধি করা, স্টেটের এমন এলাকায় যা বয়িষ্ণু জীবাশ্ম জ্বালানি চালিত প্রজন্মের উপর নির্ভর করে যা অধিকাংশে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অবস্থিত, যারা জীবাশ্ম জ্বালানির নিঃসরণের ফলে সর্বাধিক উল্লেখযোগ্য বায়ুর মান সমস্যায় এবং স্বাস্থ্যের ক্ষতিতে ভুগে, এবং যাদের গ্রিডের নির্ভরযোগ্যতা ও স্থিতিস্থাপকতা উন্নত করার একটি চিহ্নিত প্রয়োজন রয়েছে। কাজ শেষ হলে, চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস 1,250 মেগাওয়াট পরিচ্ছন্ন জলবিদ্যুৎ সরবরাহ করবে, যা এক মিলিয়নের বেশি বাসায় বিদ্যুৎ প্রদান করার জন্য যথেষ্ট, এবং এটি স্টেটব্যাপী 37 মিলিয়ন মেট্রিক টন কার্বন নিঃসরণ হ্রাস করবে, যা প্রতি বছর রাস্তা থেকে অর্ধ মিলিয়ন গাড়ি অপসারণ করার সমতুল। ট্রান্সমিশন লাইনটি 2026 সালের বসন্তে সম্পূর্ণ সক্রিয় হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

এই মাইলফলকটি আসলো নিউ ইয়র্ক স্টেটের জনসেবা কমিশন (New York State Public Service Commission), পাটনাম এবং হোয়াইটহলের মধ্যকার একটি 17.6 মাইল বিস্তৃত ট্রান্সমিশন রুটের জন্য প্রকল্পটির প্রথম পরিবেশ ব্যবস্থাপনা এবং নির্মাণ পরিকল্পনা (Environmental Management and Construction Plan) অনুমোদিত করার পর। নির্মাণ কর্মকাণ্ডের প্রাথমিক পর্যায়, যার মধ্যে রয়েছে সাইট প্রস্তুতকরণ এবং লেডাউন ইয়ার্ড নির্মাণ, তা ওয়াশিংটন কাউন্টিতে হোয়াইটহলের কাছে শুরু হবে, এবং 2024 সালের নভেম্বর পর্যন্ত চলবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। ট্রান্সমিশন লাইনের একটি মানচিত্র পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের (Climate Action Council) সহপ্রধান ডোরিন এম. হ্যারিস বলেন, "চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস প্রকল্পের নির্মাণকাজ শুরু করার মাধ্যমে আমরা জীবাশ্ম জ্বালানি থেকেই নিউ ইয়র্কের স্থানান্তরকে পাকাপোক্ত করতে সাহায্য করছি এবং দেশকে প্রদর্শন করছি যে কীভাবে কৌশলী বেসরকারি-সরকারি অংশীদারিত্ব আমাদেরকে আমাদের সবথেকে কঠিন শক্তি সমস্যাগুলি সামনে থেকে সামাল দিতে সাহায্য করতে পারে। দুইটি ঐতিহাসিক ট্রান্সমিশন ডেভেলপমেন্টের প্রথমটি হিসেবে কাজ শুরু করা

চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ভবিষ্যতের গ্রিড নিয়ে আসতে সাহায্য করছে, এবং একইসাথে নিউ ইয়র্ক দেশের সবথেকে বলিষ্ঠ সরকারি নবায়নযোগ্য পাইপলাইন গঠন অব্যাহত রাখছে যা আগামী বহু বছর ধরে বাসা ও ব্যবসায় বিদ্যুৎ প্রদান করবে।"

জনসেবা কমিশনের প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "আমি চ্যাম্পলেইন হাডসনের মতো প্রকল্প গঠনে গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রশংসা করছি যা আমাদের শক্তি ব্যবস্থার মেরুদণ্ডকে জোরদার করবে। একটি পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যৎ নিশ্চিত করতে সাহায্য করার পাশাপাশি, এমন প্রকল্প ট্রান্সমিশন ব্যবস্থার নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা জোরদার করছে। এমতাবস্থায়, চ্যাম্পলেইন হাডসন আমাদের স্টেটের ট্রান্সমিশন ব্যবস্থার আধুনিকায়নে আমাদের সার্বিক পরিকল্পনায় একটি মুখ্য ভূমিকা পালন করবে যাতে করে এটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করে এবং একইসাথে আমাদের জলবায়ু লক্ষ্য অগ্রসর করে এবং পরিচ্ছন্ন শক্তির কর্মসংস্থান তৈরি করে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন, "গভর্নর হোকল এবং অংশীদারদেরকে অভিনন্দন সবুজ ভবিষ্যতের দিকে নিউ ইয়র্কের স্থানান্তরকে এই আকর্ষণীয় সবুজ শক্তি মাইলফলক দ্বারা ত্বরান্বিত করার জন্য। ট্রান্সমিশন লাইনটি বায়ু, সৌর এবং জলবিদ্যুতের মতো নবায়নযোগ্য শক্তি প্রযুক্তি অগ্রসর করতে উল্লেখযোগ্য, প্রজন্মগত বিনিয়োগের একটি সিরিজের সবথেকে সাম্প্রতিকটি, যা আমাদেরকে আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করবে এবং একইসাথে স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করবে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের গ্রাহকদের কাছে পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করতে সাহায্য করবে।"

নিউ ওয়ার্ক স্টেটের শ্রম বিভাগের (New York State Department of Labor) কমিশনের এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের সদস্য রবার্টা রিয়ারডন বলেন, "ইউনিয়ন শ্রম আমাদের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের ক্ষেত্রে একটি অবিচ্ছেদ্য ভূমিকা পালন করবে। চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস আরো ইউনিয়ন চাকরি সৃষ্টি করবে, এক মিলিয়ন বাসাতে বিদ্যুৎ সরবরাহ করবে, এবং পরিচ্ছন্ন শক্তি খাতে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্ব ধরে রাখবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "পরিচ্ছন্ন এবং নবায়নযোগ্য শক্তির ভবিষ্যৎ এম্পায়ার স্টেটে এখনই হচ্ছে গভর্নর হোকলের সাহসী নেতৃত্বের কল্যাণে, যা আকর্ষণীয় নতুন চাকরির সুযোগ সৃষ্টি করছে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করছে।নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের অধীনে আমাদের সকলের একটি ভূমিকা পালন করতে হবে, এবং এই প্রকল্পটি যতটা কার্যকর ততটাই উচ্চাকাঙ্ক্ষী। জরুরি ব্যাপার হলো, এটি আমাদের স্টেটকে আমাদের নির্ধারিত জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করবে এবং কয়েক প্রজন্মকে সেবাদান করার জন্য একটি সবুজ শক্তির অর্থনীতি নিয়ে আসবে।"

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "চ্যাম্পলেইন হাডসন প্রকল্পটি নিউ ইয়র্কবাসীদের জন্য নির্ভরযোগ্য এবং টেকসই পরিচ্ছন্ন শক্তির একটি নতুন যুগ নিয়ে আসবে। আমি গভর্নর হোকলের প্রশংসা করছি নিউ ইয়র্কে চ্যাম্পলেইন হাডসনের মতো প্রকল্প নিয়ে আসতে তার ভিশনের জন্য, যা স্টেটের শক্তি ব্যবস্থাকে আধুনিক করবে এবং বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন শক্তির চাকরি নিয়ে আসবে, এবং সেই সাথে আমাদের স্টেটে পরিবেশবান্ধব ও অগ্রসর শক্তি সরবরাহের নতুন ভিশন আনবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ট্রান্সমিশন লাইনটি নিউ ইয়র্ক স্টেটের জন্য গভর্নর হোকলের উচ্চাকাঙ্ক্ষী পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর করতে সাহায্য করবে, এবং একইসাথে নিউ ইয়র্কবাসীদের জন্য প্রায় 1,400 নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে। ট্রান্সমিশন লাইনটি 339 মাইল দীর্ঘ, কিন্তু এটি যেই 3.5 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক সুবিধার প্রতিনিধিত্ব করে তা নবায়নযোগ্য শক্তি এবং নিউ ইয়র্কের টেকসই ভবিষ্যৎ উভয় ক্ষেত্রে আরো অনেক বড় ব্যাপার।"

প্রকল্পটির ফলে যাতে নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্পন্ন, পরিবার টিকিয়ে রক্ষার মতো চাকরির সৃষ্টি হয় তা নিশ্চিত করতে, চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসের ঠিকাদারগণ, কিউয়িট (Kiewit), NKT এবং হিটাচি (Hitachi) ইউনিয়ন কর্মীদের দ্বারা লাইনের নির্মাণকাজ করানোর জন্য বৈদ্যুতিক ও ভবন বাণিজ্যের ইউনিয়নগুলোর সাথে প্রকল্পের শ্রম চুক্তি (project labor agreements, PLA) সম্পাদন করছে। 22টি পৃথক বাণিজ্য ক্ষেত্রব্যাপী 15টির বেশি স্থানীয় ইউনিয়ন অধ্যায় নিয়ে, প্রকল্পের শ্রম চুক্তিটিতে সম্মিলিতভাবে মোট তিন মিলিয়নের বেশি কর্মঘণ্টার প্রত্যাশা করা যাচ্ছে। অক্টোবর মাসে, ইউনিয়নগুলি এবং চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস প্রথম PLA-তে সম্মত হয়েছে, যা সেই শ্রম ঘণ্টার মধ্যে প্রায় দুই মিলিয়নের প্রতিফলন করবে এবং 2022-র শেষের দিকে কাজ শুরু হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। প্রকল্পের 147 মাইল আপস্টেট ভূগর্ভস্থ অংশে অংশগ্রহণকারী বাণিজ্যগুলির মধ্যে রয়েছে অপারেটিং ইঞ্জিনিয়ার্স (Operating Engineers), লেবারার্স এবং টিমস্টার্স (Laborers and Teamsters)। প্রকল্পের নির্মাণের সময়, ঠিকাদারগণ সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা এন্টারপ্রাইজ (Minority and Women-Owned Business Enterprises, MWBE) থেকে নিয়োগ প্রদানের এবং সামরিক দায়িত্বে অক্ষম হওয়া ভেটেরান মালিকানাধীন ব্যবসাসমূহ (Service-Disabled Veteran-Owned Businesses) ব্যবহার করার প্রয়াস করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে যাতে প্রকল্পের পুরো ক্ষেত্রে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের সদস্যদের অন্তর্ভুক্ত করা যায়। ট্রান্সমিশন লাইনের সাবমেরিন অংশের জন্য আগামী মাসগুলিতে অতিরিক্ত প্রকল্পের শ্রম চুক্তি সম্পাদিত হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে, সেই সাথে কুইন্সের অ্যাটোরিয়াতে চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসের কনভার্টার স্টেশন নির্মাণের জন্যও।

চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসে জনগণকে এর নির্মাণ ও পরিচালনা কর্মকাণ্ড সম্পর্কে জানাতে স্টেকহোল্ডার ও সম্প্রদায়কে জড়িত করার বৈঠক আয়োজন করা অব্যাহত রেখেছে। প্রকল্পটি অগ্রসর হলে, চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ইউনিয়ন ও প্রশিক্ষণ কর্মসূচিগুলির সাথে কাজ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রশিক্ষণ ও শিক্ষানবিশি প্রচার করার জন্য কাজ করবে। এই প্রয়াসগুলির পাশাপাশি, চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস

সবুজ অর্থনীতি তহবিল (Champlain Hudson Power Express Green Economy Fund) গঠন করা হয়েছে জলবায়ু শিল্পখাতের প্রশিক্ষণ কর্মসূচিসমূহের জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার জন্য, যা নকশা করা হয়েছে পরিকল্পিত রুট সংলগ্ন স্থানীয় ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য নতুন ক্যারিয়ার সুযোগ উদ্দীপিত করার জন্য যার মনোযোগ হবে বিকশিত সবুজ অর্থনীতিকে সফল করার জন্য দক্ষতা গঠন। এই প্রকল্পের সরাসরি ফলাফল হিসেবে উপলভ্য হওয়া মাধ্যমিক চাকরির সুযোগের বিজ্ঞাপন প্রদান করা হবে চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসের ওয়েবসাইটে এবং তা স্থানীয় সম্প্রদায়ের নেতৃবৃন্দ ও নাগরিক সংগঠনগুলির মাধ্যমে প্রচার করা হবে।

হাইড্রো-কুইবেকের প্রধান নির্বাহী কর্মকর্তা সোফি ব্রোশু বলেন, "নর্থ আমেরিকার বৃহত্তম পরিচ্ছন্ন নবায়নযোগ্য শক্তি উৎপাদককে নিউ ইয়র্ক সিটির সাথে সংযুক্তকারী এই নতুন ট্রান্সমিশন লাইনটি আমাদের সম্পূর্ণ অঞ্চলের শক্তির ভূদৃশ্য বদলে দিবে। CHPE, একভাবে বলতে গেলে, বহু অর্থপূর্ণ জিনিসের প্রণালী - বাসা ও ব্যবসায় নির্ভরযোগ্য ভাবে বিদ্যুৎ প্রদানের জন্য জীবাশ্ম জ্বালানি না পুড়িয়ে বেশি আয়তনের জলবিদ্যুৎ; একটি সম্প্রদায়ে বিনিয়োগের পন্থা যা সামাজিক নীতির উপর ভিত্তি করে হচ্ছে এবং আদিবাসী সম্প্রদায়সমূহের, যেমন কাহনাওয়াক থেকে আমাদের মোহক বন্ধুগণের সাথে নতুন অংশীদারিত্ব, যারা আজকে আমাদের সাথে রয়েছে। ডিকার্বোনাইজেশন হলো আমাদের সাধারণ লক্ষ্য, এবং আমরা আপনাদের মিত্র হয়ে থাকতে চাই, নিউ ইয়র্কে আরো বহু দশক ধরে জলবায়ুবান্ধব শক্তি সরবরাহ করে যেতে চাই।"

ট্রান্সমিশন ডেভেলপার্সের প্রধান নির্বাহী কর্মকর্তা ডোনাল্ড জেসোম বলেন, "এই মুহূর্তটি এক দশকের বেশি সময় ধরে গঠিত হচ্ছে, আমরা আনুষ্ঠানিকভাবে একটি রূপান্তরকারী প্রকল্পের নির্মাণকাজ শুরু করছি যা নিউ ইয়র্ককে এর উচ্চাকাঙ্ক্ষী নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনে সাহায্য করতে একটি মুখ্য ভূমিকা পালন করবে। CHPE-র কাজ শুরু করার পর্যায়ে পৌঁছানো হলো বহু বছর ধরে এই প্রকল্পে আস্থা রাখা বহু মানুষের, সরকারি কর্মকর্তা থেকে শুরু করে সম্প্রদায়ের অংশীদারগণ, ব্যবসা সংগঠন, শ্রম ইউনিয়ন এবং পরিবেশ গোষ্ঠী পর্যন্ত সকলেই যারা এই প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছে, তাদের নিরলস প্রচেষ্টার চূড়ান্ত ফল, এটি প্রদর্শন করছে কীভাবে একটি বড় আকারের, জটিল শক্তি উদ্যোগকে বাস্তবে পরিণত করতে হয়। আমরা এই পরিচ্ছন্ন শক্তি ট্রান্সমিশন প্রকল্পের কাজ করতে এবং নিউ ইয়র্ককে এর ব্যাপক ব্যাপ্তির সুবিধা প্রদান করতে আমাদের পরিশ্রম অব্যাহত রাখতে উন্মুখ।"

ওহেনতো ইয়েন্তেনে রাতিসাহায়াখস কাহসেনেনহওয়া স্কাই-ডিয়ার বলেন, "কাহনাওয়াকার কানিনকাহাকদের (মোহকদের) নিউ ইয়র্ক সিটির সাথে একটি দৃঢ় ব্যক্তিগত বন্ধন রয়েছে, যেহেতু প্রতিটি কাহনাওয়াকা সম্প্রদায় থেকে বহু প্রজন্মের লৌহকারেরা শহরের স্কাইলাইনের বহু ভবন এবং সেতু নির্মাণে সাহায্য করেছে। এখন, হাইড্রা-কুইবেকের একজন অংশীদার হিসেবে, আমরা শহরকে পরিচ্ছন্ন এবং নবায়নযোগ্য শক্তি সরবরাহ করছি। এটি এক মিলিয়ন বাসায় বিদ্যুৎ সরবরাহের সমান, ক্ষতিকর কার্বন নিঃসরণ হ্রাস করে এবং বাতাসের মান উন্নত করে। কাহনাওয়াকা জনগোষ্ঠী হিসেবে, আমরা সবসময় আগামী সাত প্রজন্মের ব্যাপারে চিন্তা করি - এই অংশীদারিত্বটি একটি পরিচ্ছন্নতর পরিবেশের দিকে প্রয়াসকে আরো মজবুত

করে এবং একই সাথে কাহনাওয়াকাদের জন্য পরিবেশের রক্ষক হিসেবে আমাদের দায়িত্ব পালন করার আরো সুযোগ প্রদান করে।"

গ্রেটার নিউ ইয়র্কের ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "যদি নিউ ইয়র্ক সবুজ অবকাঠামোতে এর নেতৃত্ব ধরে রাখতে চায়, তাহলে আমাদের জন্য এমন নির্মাণে বিনিয়োগ অব্যাহত রাখতে পারা অতি গুরুত্বপূর্ণ যা শুধু এইসব উদ্যোগকে সমর্থন করবে না, বরং সেই প্রক্রিয়ায় ভালো বেতনের ইউনিয়ন চাকরিও তৈরি করবে। আজকের কাজ শুরু হওয়াটি আরো একটি অবকাঠামো প্রকল্পের সূচনার প্রতিনিধিত্ব করে যা নিউ ইয়র্কের অর্থনীতি এবং আমাদের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনের ক্ষেত্রে একটি উদ্দীপক হিসেবে কাজ করবে। আমরা CHPE এবং স্টেটের সাথে কাজ করতে উন্মুখ যাতে দক্ষ ইউনিয়ন ট্রেডসমেন এবং ট্রেডসউইমেন প্রদান করতে পারি যারা কার্যকরভাবে এই প্রকল্পের কাজ শেষ করবে এবং একইসাথে সুবিধাসহ মধ্যবিত্তের ক্যারিয়ার গঠনের সুযোগ পাবে।"

নর্থ আমেরিকার শ্রমিকদের আন্তর্জাতিক ইউনিয়নের (Laborers' International Union of North America) সাধারণ সচিব-ট্রেজারার এবং নিউ ইংল্যান্ড আঞ্চলিক ব্যবস্থাপক আর্মন্ড ই. স্যাবিটনি বলেন, "চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসের কাজ শুরু হয়েছে তা একটি দারুণ ব্যাপার - এই প্রকল্পটি নিউ ইয়র্ক সিটিতে পরিচ্ছন্ন শক্তি সরবরাহকে রূপান্তরিত করবে এবং একই সাথে কয়েক মিলিয়ন ইউনিয়ন শ্রম ব্যবহারে প্রতিশ্রুতি প্রদান করছে। আমাদের 500,000-র বেশি সদস্যের পক্ষে, আমি নিউ ইয়র্ক স্টেট এবং CHPE দলকে আজকের গুরুত্বপূর্ণ মাইলফলকের জন্য অভিনন্দন জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের অপারেটিং ইঞ্জিনিয়ার্স কনফারেন্সের (New York State Conference of Operating Engineers) প্রেসিডেন্ট টমাস এ. ক্যালাহান বলেন, "আন্তর্জাতিক অপারেটিং ইঞ্জিনিয়ার্স ইউনিয়ন (International Union of Operating Engineers) এই রূপান্তরকারী প্রকল্পে কাজ করতে পেরে গর্বিত।চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস হলো অনন্য একটি শক্তি প্রকল্প যা পুরো নিয়ে ইয়র্ক স্টেট এবং তার বাইরেও ব্যাপক অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করবে।এটি কয়েক শত ভালো বেতনের ইউনিয়ন চাকরি তৈরি করবে যা স্থানীয় কর্মীদের তাদের পরিবারকে সমর্থন করতে সাহায্য করবে। আজকের কাজ শুরু করার জন্য গভর্নর এবং এই গুরুত্বপূর্ণ প্রকল্পকে সামনের দিকে অগ্রসর করার জন্য কাজ করা সকল এজেন্সি ও সংগঠনকে অভিনন্দন।"

চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে 73টি মিউনিসিপ্যালিটি এবং 59টি স্কুল জেলাকে অর্থনৈতিকভাবে জোরদার করবে, প্রকল্পের প্রথম 25 বছরে স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য তহবিল হিসেবে 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ক্রমবর্ধমান কর রাজস্ব বৃদ্ধি পাবে। আগামী সপ্তাহগুলিতে, চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস প্রায় 30 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল বিতরণ শুরু করবে, যার মধ্যে আছে:

- 12 মিলিয়ন মার্কিন ডলার ট্রান্সমিশন লাইনটি যেইসব কাউন্টিতে রয়েছে সেখানকার শিল্পজাত বিকাশ এজেন্সিসমূহের জন্য

- এর 117 মিলিয়ন মার্কিন ডলার পরিবেশ ট্রাস্ট তহবিল (Environmental Trust Fund) থেকে প্রথম 12 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করা হবে নিউ ইয়র্কের পূর্বের করিডোরের ওয়াটারওয়েগুলিকে উন্নত করার প্রকল্প অর্থায়ন করতে।
- 40 মিলিয়ন মার্কিন ডলার সবুজ অর্থনীতি তহবিল (Green Economy Fund) থেকে প্রথম 2.5 মিলিয়ন মার্কিন ডলার সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে কর্মীবাহিনী বিকাশ এবং প্রশিক্ষণ উদ্যোগ সমর্থন করা শুরু করবে।
- র‍্যান্ডাল আইল্যান্ড নেচার সেন্টার (Randall's Island Nature Center) এবং কুইন্স ভ্যারাইটি বয়েস এবং গার্লস ক্লাব (Queens Variety Boys and Girls Club) বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত (Science, technology, engineering, and mathematics, STEM) ল্যাব/প্রোগ্রামিংয়ের নির্মাণ সমর্থনে 2 মিলিয়ন মার্কিন ডলার।

চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস এবং ক্লিন পাথ নিউ ইয়র্কের (Clean Path NY) চুক্তিগুলি অনুমোদিত হয়েছে জনসেবা কমিশন দ্বারা 2022 সালের এপ্রিল মাসে, যা তাদেরকে গত 50 বছরে নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ ট্রান্সমিশন অবকাঠামো নির্মাণে পরিণত করেছে। একত্রে, এই প্রকল্পগুলি প্রতি বছর প্রত্যাশিত 18 মিলিয়ন মেগাওয়াট-ঘণ্টা পরিচ্ছন্ন শক্তি উৎপাদনের ক্ষমতা রাখবে, বা নিউ ইয়র্ক সিটির বার্ষিক বিদ্যুৎ খরচের তিনভাগের এক ভাগের বেশি, এবং সেই সাথে স্টেটব্যাপী মোট 5.8 বিলিয়ন মার্কিন ডলার সামাজিক সুবিধা সরবরাহ করবে, যার মধ্যে রয়েছে গ্রিনহাউজ গ্যাস হ্রাস ও বায়ুর মান উন্নয়ন এবং স্টেটব্যাপী 10,000 পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি এবং 8.2 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক বিকাশ বিনিয়োগ, যা সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহেও হবে।

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "এই শহর এবং স্টেটের জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে সচলতার জন্য একটি ঐতিহাসিক দিবস এবং পরিবেশ ন্যায়বিচারের জন্য একটি দেশের শীর্ষস্থানীয় বিজয়। আমি কমিশন, NYSERDA, এবং গভর্নর হোকলের প্রশংসা করছি অনেক বেশি সময় ধরে আমাদের শহরকে কলঙ্কিত করে রাখা নবায়নযোগ্য শক্তি পাওয়ার অসম সুযোগের ইতি টানতে সাহসী পদক্ষেপ গ্রহণের জন্য। চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ট্রান্সমিশন লাইনটির কাজ শেষ হলে স্টেটের সবথেকে প্রাচীন এবং সবথেকে দূষণকারী কিছু পাওয়ার প্ল্যান্ট বন্ধ করা যাবে, যা এমন সম্প্রদায়ের নিকটে অবস্থিত যাদের বাসিন্দারা অসামঞ্জস্যপূর্ণভাবে রেস্পিটরি ও কার্ডিওভাসকুলার রোগে ভুগে থাকে। এই প্রকল্পটি এছাড়াও সবুজ অর্থনীতিতে একটি মুখ্য বিনিয়োগ এর পরিবার টিকিয়ে রাখার মতো ইউনিয়ন চাকরি সৃষ্টির কারণে যা আরো স্বাস্থ্যকর, ন্যায্য এবং টেকসই নিউ ইয়র্ক সিটি গঠনে সাহায্য করবে।"

ওয়াশিংটন কাউন্টি প্রশাসক মেলিসা ফিচ বলেন, "CHPE প্রকল্পটি ওয়াশিংটন কাউন্টির জন্য একটি দুর্দান্ত সুযোগ এবং এর প্রভাব নিঃসন্দেহে আগামী বহু বছরের জন্য আমাদের বাসিন্দাদের লাভবান করবে।"

হোয়াইটহল গ্রামের মেয়র জুলি এগান বলেন, "আমি গর্বিত এবং আনন্দিত যে হোয়াইটহল এই প্রকল্পের একটি অংশ হবে নিউ ইয়র্ক স্টেটে নবায়নযোগ্য শক্তির ব্যবহার বৃদ্ধির জন্য।এছাড়াও আমি কৃতজ্ঞ যে হোয়াইটহল গ্রাম বহু বাহকের ধরে এর সুবিধা ভোগ

করবে। নির্মাণ পর্যায়টি ওয়াশিংটন কাউন্টিতে স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করবে এবং স্থানীয় ব্যবসাকে বলীয়ান করবে।দীর্ঘমেয়াদে, আমাদের বাসিন্দা, শিক্ষার্থী এবং করদাতাগণ প্রত্যাশিত পাইলট তহবিলের মাধ্যমে বহু বছর ধরে লাভবান হবে। এই প্রকল্পটি উভয় দিক থেকে বিজয় এবং হোয়াইটহল এর অংশ হতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্ক কনজার্ভেটিভ ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "জলবিদ্যুৎ তখন থেকেই নিউ ইয়র্কের শক্তি পোর্টফোলিওর একটি মুখ্য উৎস হয়ে আছে যখন আমরা এক শতাব্দী পূর্বে নায়াগ্রা ফলসের স্রোতকে বশ করেছিলাম। নিউ ইয়র্ক কনজার্ভেটিভ ভোটার্স লীগ গভর্নর হোকলের প্রশংসা করছে চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ট্রান্সমিশন লাইন নির্মাণের মাধ্যমে এই দারুণ ঐতিহ্যকে অব্যাহত রাখার জন্য। নিউ ইয়র্ক সিটির 300 মাইলে পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করা, এবং সেই প্রক্রিয়ায় 1,400 ইউনিয়ন চাকরির ব্যবস্থা করা, এই সবই এম্পায়ার স্টেট আকারের অর্জন যা নিয়ে আমাদের সকলের গর্ব করা উচিত।"

পরিবেশের জন্য নাগরিক ক্যাম্পেইনের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক অ্যাড্রিয়ান এক্সপোজিটো বলেন, "এটি দারুণ ব্যাপার যে অপরিচ্ছন্ন জীবাশ্ম জ্বালানি থেকে পরিচ্ছন্ন নবায়নযোগ্য শক্তিতে আমাদের স্থানান্তর শুধু আমাদের বাতাসকে পরিষ্কার এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করবে না, বরং আমাদের অর্থনীতির রংকেও ঝালাই করে দিবে। এই অতি গুরুত্বপূর্ণ স্থানান্তরটির জন্য আমাদের শ্রমিক বাহিনীকে এমনভাবে ব্যবহার করা প্রয়োজন যাতে আমাদের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর হয় এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীকে ভালো বেতনের ইউনিয়ন চাকরি দ্বারা উত্থিত করা যায়।নিউ ইয়র্কে, আমরা পরিচ্ছন্ন শক্তি ও দারুণ চাকরিকে বাস্তবে পরিণত করছি।"

নিউ ইয়র্ক রিয়েল এস্টেট বোর্ডের (Real Estate Board of New York, REBNY) প্রেসিডেন্ট জেমস হোয়েলান বলেন, "এই কাজ শুরু হওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক পরিচ্ছন্ন এবং আরো টেকসইভাবে গঠিত একটি পরিবেশের দিকে আরেক ধাপ অগ্রসর হলো যা আমাদের অর্থনীতি ও জনস্বাস্থ্যের জন্য ব্যাপকভাবে লাভজনক হবে। আমরা গভর্নর হোকল এবং NYSERDA-কে ধন্যবাদ জানাচ্ছি এই প্রকল্পে তাদের নেতৃত্বের জন্য এবং স্টেটের জলবায়ু আইনের লক্ষ্য অর্জনে অব্যাহত প্রচেষ্টার জন্য।"

ওয়ারেন-ওয়াশিংটন ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সির (Warren-Washington Industrial Development Agency) প্রধান ডেভ ও'ব্রায়ান বলেন, "CHPE দ্বারা যেই ট্রান্সমিশন লাইনটি নির্মিত হচ্ছে তা আগামী ত্রিশ বছর ধরে ওয়াশিংটন কাউন্টির জন্য উল্লেখযোগ্য লাভ নিয়ে আসবে।শুধু নির্মাণ এবং সামগ্রী ও সেবা ক্রয়ের থেকে লাভ হবে না, বরং গ্রাম, টাউন, স্কুল জেলা ও কাউন্টিকে প্রদত্ত ভাতা প্যাকেজ হিসেবে এবং এবং পাইলট হিসেবে 283 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে যা জুরিসডিকশনগুলিকে স্কুল, রাস্তা ও সরকারি ফ্যাসিলিটিগুলিতে অতি প্রয়োজনীয় মুখ্য হালনাগাদকরণ ও উন্নয়ন করতে দিবে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি

আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এসব বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418